

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

স্বতন্ত্র পত্র কতক প্রকাশিত

শনিবার, জানুয়ারী ১৭, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-৮

বিজ্ঞপ্তি

ঢাকা, ১৫ই জানুয়ারী ১৯৮৭

নং এস, আর, ও, ৪-এল/৮৭/এল.এম৮/১(১০)/৮৬-১৯২০ সালের ওয়ার্কমেন্‌স্ কম্পেনসেশন আইন (১৯২০ সালের ৮ নং আইন)-এর ৩২ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৯৫০ সালের ওয়ার্কমেন্‌স্ কম্পেনসেশন (রেজিস্ট্রেশন অব কেসেস) বিধিমালায় নিম্নের খড়রায় বর্ণিত কতিপয় সংশোধনী আনয়নের প্রস্তাব করিতেছেন। প্রস্তাবিত উক্ত সংশোধনীর ফলে খাহাদের ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে তাহাদের অবগতির জন্য উক্ত আইনের ৩৪ ধারার বিধান মোতাবেক খসড়াটি প্রকাশ করা হইল এবং এতদ্বারা নোটিশ প্রদান করা হইল যে অত্র বিজ্ঞপ্তি সরকারী গেজেটে প্রকাশের তারিখ হইতে তিন মাস অতিবাহিত হওয়ার পরে খসড়াটি চূড়ান্তভাবে জারীর জন্য বিবেচনা করা হইবে।

খসড়াটি সম্পর্কে নির্ধারিত মেয়াদ অতিবাহিত হইবার পূর্বে কোন আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে সরকার তাহা বিবেচনা করিবেনঃ

খসড়া সংশোধনীরসমূহ

১৯৫০ সালের ওয়ার্কমেন্‌স্ কম্পেনসেশন (রেজিস্ট্রেশন অব কেসেস) বিধিমালায়,—

- (১) বিধিমালার সর্বত্র “one year” শব্দাবলীর স্থলে “three years” শব্দাবলী প্রতিস্থাপিত হইবে ;

(২০৭)

মুদ্রা : ৩০ পয়সা

(২) বিধানালয়ের সহিত সংযুক্ত ছকে,—

(ক) “Death” শব্দটির নীচে—

(অ) “Audit” শব্দটি বিলম্বিত হইবে ;

(আ) “Minor” শব্দ ও “১৫” সংখ্যা সম্বলিত ঘরটি বিলম্বিত হইবে ; এবং

(খ) “১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬” সংখ্যাগুলির স্থলে যথাক্রমে “১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫” সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে ; এবং

(৩) ৪ বিধির (১) দফায় “English” শব্দটির পর “or Bengali” শব্দাবলী অন্তর্ভুক্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুম্মিন আহমদ

উপ-সচিব।